



NEW YORK CITY DEPARTMENT OF HEALTH  
AND MENTAL HYGIENE  
Mary T. Bassett, MD, MPH  
Commissioner

জরুরি বিজ্ঞপ্তির জন্য  
বৃহস্পতিবার, 29 মার্চ 2018  
347-396-4177

## স্বাস্থ্য দপ্তর এশীয় নিউইয়র্কবাসীদের মধ্যে স্বাস্থ্যগত পার্থক্যের উপর প্রথম রিপোর্ট প্রকাশ করেছে

*সামগ্রিকভাবে, অন্যান্য জাতিগোষ্ঠীদের থেকে এশীয় নিউইয়র্কবাসীদের সুস্থ থাকার  
সম্ভাবনা কম, যদিও তাদের মধ্যে মদ্যপানের মাত্রাতিরিক্ত ওজন বা মেদবহুলতা হওয়ার প্রবণতা কম*

*এশীয় পুরুষরা এশীয় মহিলাদের থেকে পাঁচগুণ বেশি ধূমপান করে*

**মার্চ 29, 2018** – স্বাস্থ্য দপ্তর আজ প্রথম বারের জন্য এশীয় নিউইয়র্কবাসীদের মধ্যে স্বাস্থ্যগত পার্থক্যের একটি এপি ডেটা ব্রিফস পরীক্ষা প্রকাশ করেছে। প্রায় 1.2 মিলিয়ন লোককে নিউইয়র্ক শহরে বসবাসরত এশীয় বলে সনাক্ত করা হয়েছে; 2000 সাল থেকে এই জনসংখ্যা 53 শতাংশ বেড়েছে। সাধারণভাবে, এশীয় বসবাসকারীদের মধ্যে সুস্থ থাকার বিষয় কম- 86 শতাংশ শ্বেতাঙ্গ বসবাসকারীদের তুলনায় 65 শতাংশ। যদিও তাদের মধ্যে অন্যান্য জাতির থেকে মদ্যপান বা মাত্রাতিরিক্ত ওজন বা মেদবহুলতা হওয়ার প্রবণতা কম। এপি ডেটা ব্রিফস নিউইয়র্ক শহরের সবচেয়ে বড় গোষ্ঠীদের পরীক্ষা করেছে: চীনা, দক্ষিণ এশীয়, কোরিয়ান এবং ফিলিপিনো। দক্ষিণ এশিয়ার মধ্যে ভারতীয়, বাংলাদেশী, পাকিস্তানি ও নেপালিরা অন্তর্ভুক্ত। কিছু অল্পসংখ্যক এশীয় জনগোষ্ঠী যেমন জাপানি, ভিয়েতনামি, এশীয় বংশজাত স্ব-চিহ্নিত লোক এবং প্রশান্ত মহাসাগরীয় দ্বীপপুঞ্জের লোকদের কারণে এদেরকে অন্যান্য এশীয়দের মধ্যে রাখা হয়েছে। দক্ষিণ এশীয় নিউইয়র্কবাসীদের পূর্বপুরুষের ইতিহাস থেকে জানা গেছে যে পরীক্ষিত অন্যান্য এশীয় গোষ্ঠীদের থেকে এদের মধ্যে হাইপারটেনশন, হার্ট ডিজিজ এবং ডায়াবেটিস হওয়ার উচ্চ ঝুঁকি আছে; চীনা পুরুষরা চীনা মহিলাদের থেকে ছয় গুণ বেশি ধূমপান করত এবং দক্ষিণ এশিয় ও চীনা নিউইয়র্কবাসীদের থেকে কোরিয়ানদের মধ্যে মদ্যপান করার প্রবণতা বেশি ছিল। ডেটা ব্রিফ 2013 থেকে 2015 এর মধ্যে এজেন্সির কমিউনিটি হেলথ সার্ভের তথ্য ব্যবহার করেছে। ডেটা টেবিল সহ সম্পূর্ণ এপি ডেটা ব্রিফস [এখানে](#) পাওয়া যাবে।

গত জুন মাসে, চীনা নিউইয়র্কবাসীদের মধ্যে মৃত্যু হার সম্পর্কে সচেতনতা ও ধূমপান কমানোর বার্তা দিতে স্বাস্থ্য বিভাগ Charles B. Wang কমিউনিটি হেলথ সেন্টারের সঙ্গে হাত মিলিয়েছে। 2020 এর মধ্যে নিউইয়র্ক শহরে ধূমপায়ীদের সংখ্যা কমিয়ে 160,000 এর লক্ষ্যে গত বছর একাধিক অ্যান্টি-টোবাকো বিল স্বাক্ষরিত হয় যা ফ্রেঙ্কয়ারী থেকে কার্যকরী হয়েছে। তিন বছর আগে OneNYC প্ল্যানের সঙ্গে হাত মিলিয়ে এলাকা স্তরে মেদবহুলতা, ব্যায়াম এবং ধূমপান সহ স্বাস্থ্য অসমতার বিষয় সামনে আনতে স্বাস্থ্য দপ্তর হেলথ ক্লিপিট টেক কেয়ার নিউ ইয়র্ক 2020 (Take Care New York 2020) চালু করেছে।

“স্বাস্থ্য দপ্তরে, সমস্ত নিউইয়র্কবাসী ও প্রতিটি জনগোষ্ঠীর যেন নিজেদের স্বাস্থ্য সংক্রান্ত চ্যালেঞ্জ ও ফলাফল থাকে তা প্রদান করার জন্য লড়াই করছি” বলে **হেলথ কমিশনার Dr. Mary T. Bassett** জানান। “বিভিন্ন ধরনের গোষ্ঠী পরীক্ষার সময় ‘এশীয় আমেরিকানরা’ স্বাস্থ্য দপ্তরকে কমিউনিটি পার্টনারের ক্ষেত্রে সহায়তা করেছে এবং নীতি ও প্রকল্পের ক্ষেত্রে আরও জ্ঞাত সিদ্ধান্তের জন্য সমর্থন করেছে। “এইসব তথ্যও আমাদেরকে শহর জুড়ে স্বাস্থ্য সমতা উন্নত করতে সহায়তা করে, এটি হল আমরা যা করি তার কেন্দ্র।”

## **তথ্যের আলোকপাত**

### **এশীয় নিউইয়র্কবাসীদের সামগ্রিক স্বাস্থ্য:**

- 2013-2015 তে, 65 শতাংশ এশীয় নিউইয়র্কের শরীর ভালো (“অসাধারণ,” “খুব ভালো” বা “ভালো”), যা স্বেতাপ্ত নিউইয়র্কবাসীর (86 শতাংশ), কৃষাপ্ত নিউইয়র্কবাসী (80 শতাংশ) এবং লাতিনো নিউইয়র্কবাসী (68 শতাংশ) থেকে কম।
- সামগ্রিকভাবে, এশীয় নিউইয়র্কবাসীদের মধ্যে অন্যান্য জনগোষ্ঠীদের থেকে মদ্যপানের প্রবণতা কম (10 শতাংশ)।
- সমস্ত জনগোষ্ঠীদের থেকে এশীয় নিউইয়র্কবাসীদের মধ্যে মাত্রাতিরিক্ত ওজন বা মেদবহুলতা কম, যেখানে নিউইয়র্ক শহরের অর্ধেকের বেশি প্রাপ্তবয়স্ক মানুষের ওজন মাত্রাতিরিক্ত বা মেদবহুল (36 শতাংশ বনাম 57 শতাংশ)।
- এশীয় নিউইয়র্কবাসীদের মধ্যে বর্তমানে যারা ধূমপায়ী, তাদের মধ্যে পুরুষেরা মহিলাদের থেকে পাঁচ গুণ (23 শতাংশ বনাম 4 শতাংশ)।

### **এশীয় পরম্পরা অনুসারে পার্থক্য:**

- এশীয় বংশজাত এবং চীনা নিউইয়র্কবাসীরা (56 শতাংশ) এশীয় গোষ্ঠীদের মধ্যে সবথেকে কম সুস্থ থাকে বলে জানা গেছে।
- গত 30 দিনে চারজন কোরিয়ান (23 শতাংশ), দক্ষিণ এশীয় (22 শতাংশ) এবং ফিলিপিনো (22 শতাংশ) প্রাপ্তবয়স্কের মধ্যে একজন ব্যায়াম করলেও, তিন চীনা (35 শতাংশ) প্রাপ্তবয়স্কদের মধ্যে একজনও ব্যায়াম করে না।
- কোরিয়ান (22 শতাংশ) প্রাপ্তবয়স্কদের, দক্ষিণ এশীয় (13 শতাংশ) এবং চীনা (7 শতাংশ) প্রাপ্তবয়স্কদের মধ্যে মদ্যপানের প্রবণতা বেশি।
- চীনা (30 শতাংশ) বা অন্যান্য এশীয় প্রাপ্ত বয়স্কদের (41 শতাংশ) থেকে দক্ষিণ এশীয় প্রাপ্তবয়স্কদের (51 শতাংশ) বেশি ওজন ও মেদবহুল।
- দক্ষিণ এশীয় নিউইয়র্কবাসীরা চীনা প্রাপ্তবয়স্কদের থেকে বেশি ডায়াবেটিসে আক্রান্ত হয় বলে এক স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারী জানিয়েছে (20 শতাংশ বনাম 9 শতাংশ)।
- এছাড়াও দক্ষিণ এশীয় নিউইয়র্কবাসীরা চাইনিজ ও কোরিয়ান নিউইয়র্কবাসীদের থেকে বেশী হাইপারটেনশন বা উচ্চ রক্তচাপ দেখা যায় (28 শতাংশ বনাম 22 শতাংশ ও 16 শতাংশ)।
- চীনা প্রাপ্তবয়স্কদের মধ্যে অন্যান্য দক্ষিণ এশীয় প্রাপ্তবয়স্কদের থেকে কম প্রতিরোধক দাঁত পরিষ্কার করতে দেখা যায় (80 শতাংশ বনাম 94 শতাংশ)।

“স্বাস্থ্য দপ্তরের নিউইয়র্ক শহরের দ্রুত বর্ধিত এশীয় আমেরিকান জনসংখ্যার স্বাস্থ্যের উপর প্রথম এপি ডেটা রিফস হল অমূল্য তথ্য এবং ক্ষতিকর স্বাস্থ্যসেবা ফলাফল হ্রাস করে যা সংখ্যালঘু সম্প্রদায়কে নেতিবাচকভাবে প্রভাবিত করে,” বলে **Manhattan এসেম্বলি সদস্য Richard N. Gottfried, এসেম্বলি হেলথ কমিটির চেয়ারম্যান জানিয়েছেন।**

"তথ্য আমাদেরকে সঠিক সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা প্রদান করে এবং এই DOHMH রিপোর্টে আমাদের শহরের সমগ্র এশিয়ার আমেরিকানদের স্বাস্থ্য সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য রয়েছে," বলে **এসেম্বলি সদস্য Yuh-Line Niou** জানান। "হৃদরোগ, ডায়াবেটিস এবং দীর্ঘস্থায়ী ধূমপান থেকে এই রিপোর্টটি স্বাস্থ্য সংক্রান্ত চ্যালেঞ্জগুলি তুলে ধরেছে, আজ যেগুলির মুখোমুখি এশিয়ান আমেরিকান পরিবাররা হন। আমি DOHMH কে এবং এই রিপোর্ট প্রস্তুত করার জন্য তাদের কাজকে ধন্যবাদ জানাচ্ছি এবং আমি আমার স্টেটের সহকর্মীদের সাথে এবং আমাদের নিউইয়র্ক স্টেট এশিয়ান প্যাসিফিক আমেরিকান লেজিসলেটিভ টাস্ক ফোর্সের (New York State Asian Pacific American Legislative Task Force) মাধ্যমে আমাদের কমিউনিটির এই স্বাস্থ্য সংক্রান্ত ফাঁকগুলি তুলে ধরব।"

“এশীয় আমেরিকানরা এবং অন্যান্য গোষ্ঠীর পাশাপাশি এশিয়ার বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে বিদ্যমান স্বাস্থ্য অসমতা নিয়ে আলোচনার মাধ্যমে, এই রিপোর্টটি আরো সাংস্কৃতিকভাবে সক্ষম সম্পদ, আউটরিচ প্রোগ্রাম এবং নিউইয়র্কবাসীর সুস্থভাবে বেঁচের থাকার নীতিমালা তৈরির তাৎপর্যকে আরো দৃঢ় করেছে,” বলে **কাউন্সিল সদস্য Margaret S. Chin** জানান। “স্বাস্থ্য দপ্তরের (Department of Health) কমিশনার Bassett এবং সমস্ত সংস্থা যারা অভিবাসী কমিউনিটিদের জন্য পর্যাপ্ত পরিচর্যা অনুসন্ধান করার বাধাকে খন্ডন করতে সহায়তা করেছে তাদেরকে ধন্যবাদ। আমি এইসব বিষয়কে বাস্তবায়িত করার জন্য কাজ করব।”

### **OneNYC সম্পর্কে**

OneNYC এর লক্ষ্য: সকল নিউইয়র্কবাসী যেন দীর্ঘদিন সুস্থভাবে বাঁচে তার জন্য প্ল্যান ফর এ স্ট্রং অ্যান্ড জাস্ট সিটি (Plan for a Strong and Just City)। অকাল মৃত্যু ঘনিষ্ঠভাবে দারিদ্র্যের সঙ্গে যুক্ত, নিউইয়র্ক শহরে যা দীর্ঘস্থায়ী কাঠামোগত এবং ঐতিহাসিক নিপীড়ন সহ বর্ণের সম্প্রদায়ের সঙ্গে সংযুক্ত। OneNYC প্ল্যানের অধীনে, শহর 2040 এর মধ্যে অকাল মৃত্যুর হার 25 শতাংশ কমানোর জন্য প্রতিশ্রুতিবদ্ধ।

### **টেক কেয়ার নিউইয়র্ক (Take Care New York) সম্পর্কে**

টেক কেয়ার নিউ ইয়র্ক 2020 (Take Care New York 2020) হল স্বাস্থ্য দপ্তরের প্রতিটি মানুষের সুস্থভাবে বাঁচার ক্লিনিক। TCNY 2020 এর মাধ্যমে, স্বাস্থ্য দপ্তর সম্প্রদায়ের বাসিন্দাদের সঙ্গে কাজ করবে এবং তাদের স্বাস্থ্য সংক্রান্ত সবচেয়ে গুরুত্বপূর্ণ সমস্যা সনাক্ত করতে এবং তাদের এলাকার স্বাস্থ্য সমস্যা মেটানোর জন্য হাত মিলিয়েছে। টেক কেয়ার নিউ ইয়র্ক 2020 (Take Care New York 2020) সম্পর্কে আরো তথ্যের জন্য, [www.nyc.gov/tcny2020](http://www.nyc.gov/tcny2020)।

###

#023-18

### **জনসংযোগ:**

Christopher Miller/Julien Martinez:

[pressoffice@health.nyc.gov](mailto:pressoffice@health.nyc.gov), 347-396-4177